

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৭৩

৭/ যাকাত (ﷺ کتاب الزکاۃ عن رسول الله) পরিচ্ছেদঃ সাদাকাত ফিতর।

باب مَا جَاءَ فِي صَدَقَةِ الْفِطْرِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَرضَ زَكَاةَ الْفِطْرِ مِنْ رَمَضَانَ صَاعًا مِنْ تَمْرٍ أَقْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى كُلِّ حُرِّ أَقْ عَبْدٍ ذَكَرٍ أَقْ أُنْثَى مِنَ الْمُسْلِمِينَ . قَالَ أَبُو مِنْ تَمْرٍ أَقْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى كُلِّ حُرِّ أَقْ عَبْدٍ ذَكَرٍ أَقْ أُنْثَى مِنَ الْمُسْلِمِينَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَرَوَى مَالِكٌ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْو حَديثِ أَيُّوبَ وَزَادَ فِيهِ مِنَ الْمُسْلِمِينَ . وَرَوَاهُ غَيْرُ وَلِهُ مِنَ الْمُسْلِمِينَ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا فَقَالَ بَعْضَهُمْ وَاللَّهِ عَنْ الْمُسْلِمِينَ لَمْ يُؤَدِّ عَنْهُمْ صَدَقَةَ الْفِطْرِ . وَهُو قَوْلُ مَالِكٍ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ . وَقَالَ بَعْضَهُمْ يُؤَدِّ عَنْهُمْ وَإِنْ كَانُوا غَيْرَ مُسْلِمِينَ . وَهُو قَوْلُ مَالِكٍ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ . وَقَالَ بَعْضَهُمْ يُؤَدِّي عَنْهُمْ وَإِنْ كَانُوا غَيْرَ مُسْلِمِينَ . وَهُو قَوْلُ مَالِكِ الثَّوْرِيِّ وَابْنِ الْمُبَارِكِ وَإِسْحَاقَ .

বাংলা

৬৭৩. ইসহাক ইবনু মূসা আনসারী (রহঃ) ... আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আযাদ-গোলাম, নর-নারী প্রত্যেক মুসলিমের উপর রামাযানের সা'দকাতুল ফিতর হিসাবে এক সা খেজুর বা এক সা যব ফর্য বলে নির্ধারণ করে দিয়েছেন। - ইবনু মাজাহ ১৮২৬, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৭৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু উমার (রাঃ) বর্ণিত এই হাদিসটি হাসান সহীহ্। মালিক (রহঃ) নাফি, ইবনু উমার (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আইয়ুব-এর হাদীছের অনুরূপ বর্ণনা করেছেন। তবে এতে من المسلمين শব্দটি অতিরিক্ত রয়েছে। আরো অনেকে নাফি (রহঃ) থেকে এটির রিওয়ায়াত করেছেন। কিন্তু তারা من المسلمين শব্দের উল্লেখ করেননি। এই বিষয়ে আলিমগণের মতভেদ রয়েছে। কেউ কেউ বলেন, যদি কারো অমুসলিম দাস-দাসী থাকে তবে তাদের পক্ষ থেকে তাকে সাদাকাতুল ফিতর আদায় করতে হবে না।



এ হল ইমাম মালিক, শাফিঈ ও আহমাদ (রহঃ) এর অভিমত। আবার কেউ কেউ বলেন, তারা অমুসলিম হলেও তাদের পক্ষ থেকে (মালিককে) ফিতরা আদায় করতে হবে। এ হল ইমাম সাওরী, ইবনু মুবারক ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English

Ibn Umar narrated:

"The Messenger of Allah made Sadaqatul-Fitr of Ramadan an obligation - a Sa of dried dates or a Sa of barley - required upon every free person and slave, male and female among the Muslims."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন